

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ মডস জোন-৩
মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), মডস জোন-৩

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪০৭.০৭.০৬৯.২৪ নথির বিষয়: Repair of 2(Two) Nos De-Watering Pump of Water Carrier (Dhaka Metro-Da-11-0109 & Dhaka Metro-Dha-14-0122) Under MODS Zone-3, Dhaka WASA.

নোট: ১ নোটের বিষয়: Repair of 2(Two) Nos De-Watering Pump of Water Carrier (Dhaka Metro-Da-11-0109 & Dhaka Metro-Dha-14-0122) Under MODS Zone-3, Dhaka WASA শির্ষক কাজ অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ৫/১১/২৪ ১:৩৭ অপরাহ্ন

উপরিউক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসার অধীন মডস জোন-৩ হতে ঢাকা শহরের বিস্তীর্ণ এবং গুরুত্বপূর্ণ এলাকায় পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন সেবা প্রদান করা হয়ে থাকে। মডস জোন-৩ এর আওতাধীন এলাকা সমূহ তুলানামূলকভাবে অধিক গুরুত্বপূর্ণ হওয়ায় পাইপ লাইনে পানি সরবরাহের ত্রুটিকালীন সময়ে জরুরী ভিত্তিতে পানির গাড়ীর মাধ্যমে পানি সরবরাহ করতে হয়। অত্র জোনে বর্তমানে ৬(ছয়) টি পানির গাড়ী রয়েছে। গ্রাহকের রিজার্ভারে পানি পৌছানোর জন্য প্রতিটি পানির গাড়ীতে একটি করে ডি-ওয়াটারিং পাম্প স্থাপিত আছে। প্রতিনিয়ত ব্যবহারের ফলে পানির গাড়ী ঢাকা মেট্রো-ড-১১-০১০৯ এবং ঢাকা মেট্রো-ড-১৪-০১২২ এর ডি-ওয়াটারিং পাম্প এর ইঞ্জিন এ বিভিন্ন ত্রুটির দেখা দিচ্ছে। ইঞ্জিন হতে প্রচুর কালো ধোয়া নির্গত হচ্ছে, ইঞ্জিন এর শক্তি কমে যাওয়ায় বারবার বন্ধ হয়ে যাচ্ছে, ফলে যথাযথভাবে পানি ডেলিভারি হচ্ছে না। এতে গ্রাহক হোল্ডিং এ পানি দিতে গেলে গ্রাহকগণ বিরক্ত হচ্ছেন এবং ঢাকা ওয়াসার ভাবমূর্তি ক্ষুণ্ণ হচ্ছে। বর্ণিত গাড়ী দুটি দ্বারা গ্রাহক হোল্ডিং এ যথাযথ ভাবে পানি সরবরাহের স্বার্থে গাড়ীতে সংযুক্ত ডি-ওয়াটারিং পাম্প দুটির ইঞ্জিন ওভার-হোলিং সহ প্রয়োজনীয় মেরামত কাজ করা একান্ত প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ৫/১১/২৪ ১:৩৯ অপরাহ্ন

উপরিউক্ত বর্ণনার আলোকে অত্র জোনে চলমান পানির গাড়ী ঢাকা মেট্রো-ড-১১-০১০৯ এবং ঢাকা মেট্রো-ড-১৪-০১২২ এর ডি-ওয়াটারিং পাম্প এর ইঞ্জিন এর বর্তমান অবস্থা একটি ওয়ার্কশপ এর অভিজ্ঞ মেকানিক দ্বারা সরোজমিনে সার্ভে করতঃ প্রয়োজনীয় মালামালসহ মেরামত কাজের জন্য কোটেশন সংগ্রহ করা হয়েছে। প্রাপ্ত কোটেশন এর দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং-৩ দ্র:)। এতে টাকার পরিমাণ দাঁড়িয়েছে মোট টাঃ ২৩,১২০/- (তেইশ হাজার একশত বিশ) টাকা মাত্র। আলোচ্য কাজটি পিপিআর-২০০৮ এর বিধি ৮১(১) অনুযায়ী সরাসরি নগদ ক্রয় পদ্ধতিতে (অস্থায়ী অগ্রিম হিসাবে) সম্পন্ন করা যেতে পারে। আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার “যানবাহন রক্ষণাবেক্ষণ” খাত এর থোক বরাদ্দ ক্রমিক নং-B.14(6) হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজটির প্রশাসনিক ও আর্থিক অনুমোদনের ক্ষমতা “প্রধান প্রকৌশলী” মহোদয়ের আওতাধীন।

সংযুক্তিসমূহ (৩):

১। ডি-পাম্প মেরামত ওয়ার্কশপ হতে প্রাপ্ত কোটেশন.pdf

২। প্রাক্কলন.pdf

৩। ২০২৪-২৫ অর্থ-বছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার সংশ্লিষ্ট কপি.pdf

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ৫/১১/২৪ ১:৪০ অপরাহ্ন

এমতাবস্থায়, উপরিউক্ত বর্ণনার আলোকে Repair of 2(Two) Nos De-Watering Pump of Water Carrier (Dhaka Metro-Da-11-0109 & Dhaka Metro-Dha-14-0122) Under MODS Zone-3, Dhaka WASA কাজ এর জন্য নিম্নোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারেঃ

ক) উল্লিখিত কাজটি সম্পাদনের জন্য ২৩,১২০/- (বাইশ হাজার একশত বিশ) টাকা মাত্র এর অনুমোদন।

খ) জনস্বার্থে কাজটি পিপিআর-২০০৮ এর বিধি ৮১(১) অনুযায়ী সরাসরি নগদ ক্রয় পদ্ধতিতে (অস্থায়ী অগ্রিম হিসাবে) সম্পন্ন করার অনুমোদন এবং

গ) আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার “যানবাহন রক্ষণাবেক্ষণ” খাত এর থোক বরাদ্দ ক্রমিক নং-B.14(6) এবং ২০২৩-২৪ অর্থবছরের বরাদ্দকৃত সংশোধিত বাজেটের কোড নং- ০১-০৪-০১৭ “যানবাহন রক্ষণাবেক্ষণ” খাত হতে নির্বাহ করার অনুমোদন।

বর্ণিত প্রস্তাবসমূহ “প্রধান প্রকৌশলী” মহোদয় কর্তৃক সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ’ল।

৫/১১/২৪ ১:৪২ অপরাহ্ন
মোস্তাক আহমেদ
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩

৫/১১/২৪ ৬:১৫ অপরাহ্ন
মোঃ নজরুল ইসলাম
উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-৩

১১/১১/২৪ ১০:৪৭ পূর্বাহ্ন
জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৩

১২/১১/২৪ ৭:৪৩ পূর্বাহ্ন
মোঃ আব্দুল মজিদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১

১২/১১/২৪ ৭:৪৩ পূর্বাহ্ন
মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)
প্রধান প্রকৌশলী (পরিকল্পনা ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ১৫/১১/২৪ ৭:৪৮ অপরাহ্ন

Okay

১৫/১১/২৪ ৭:৪৮ অপরাহ্ন
মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

১৭/১১/২৪ ১২:৫৭ অপরাহ্ন
মোঃ আব্দুল মজিদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১

১৯/১১/২৪ ১১:৫৯ পূর্বাহ্ন
জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৩

১৯/১১/২৪ ১১:৫৯ পূর্বাহ্ন
মোস্তাক আহমেদ
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩